

31

দৈনিক সংবাদ

তারিখ 03-MAR 1994

পৃষ্ঠা ৫ কলাম ১

ইসলামী বিশ্ববিদ্যালয়

অনির্দিষ্টকালের জন্য

ধর্মঘট আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২রা
 মার্চ (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী
 বিশ্ববিদ্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী
 সমিতি ১লা মার্চ ধর্মঘট পালন করেছে
 এবং ২রা মার্চ হতে অনির্দিষ্টকালের জন্য
 ধর্মঘট আহ্বান করেছে। দু'জন কর্মচারীর
 সাময়িক বহিষ্কার বাতিল এবং কর্মচারী
 সমিতি সভাপতির ওপর প্রশাসনকর্তৃক
 জারিকৃত কারণ দর্শাও নোটিশ বাতিলের
 দাবিতে তারা উক্ত কর্মসূচী হাতে নিয়েছে।
 সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের গাড়িতে যাতা-
 য়াতকালে শিক্ষক ও কর্মচারীদের মধ্যে
 মারাত্মক বিরোধ সৃষ্টি হলে, শিক্ষক
 সমিতির চাপের মুখে বিশ্ববিদ্যালয় প্রশাসন
 কর্মচারীদের চাকরি হতে সাময়িক
 বহিষ্কারের সিদ্ধান্ত নেন। কর্মচারীদের
 ডাকে ১লা মার্চ পূর্ণ দিবস ধর্মঘট পালিত
 হয়েছে। বিন্দু, পানি ও চিকিৎসা কেন্দ্র
 ধর্মঘটের বাইরে ছিল। বিশ্ববিদ্যালয়
 কর্তৃপক্ষ বৈঠক করেও উক্ত সমস্যা
 সমাধান করতে সক্ষম হননি।